**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# হাঙ্গার অ্যাকশন মাসের স্বীকৃতি স্বরূপ স্টেটের পদক্ষেপ গ্রহণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***নারিশ নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ নিউ ইয়র্কের ফার্মগুলো থেকে 50 মিলিয়ন পাউন্ডেরও বেশি পরিমাণ পণ্য ক্রয় করেছে, যা অভাবী পরিবারগুলোর কাছে প্রায় 50 মিলিয়ন বেলার খাবার পৌঁছে দিচ্ছে***

***হাঙ্গার অ্যাকশন দিবস, 23 সেপ্টেম্বর, 2022 এর স্বীকৃতিস্বরূপ স্টেটের বিখ্যাত স্থানগুলো কমলা আলোয় আলোকিত করা হবে***

***নিউ ইয়র্কের ফুড ব্যাংকগুলো খাদ্য সংগ্রহ, বিতরণ এবং আরো অনেক কিছুর মধ্য দিয়ে এই মাসের প্রতি সম্মান দেখাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে হাঙ্গার অ্যাকশন মাসের স্বীকৃতিস্বরূপ নিউ ইয়র্ক স্টেট জুড়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে, যা খাদ্য অনিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য এবং লোকজনকে ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ে অংশ নিতে উৎসাহিত করার জন্য প্রতি সেপ্টেম্বরে পালন করা হয়। এই মাসে স্টেটের নারিশ নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ (Nourish New York initiative) একাধিক মাইলফলক অর্জন করেছে, যে উদ্যোগটি মহামারী চলাকালীন সময়ে অভাবী মানুষদের কাছে আরো বেশি খাবার পৌঁছে দেওয়ার পাশাপাশি নিউ ইয়র্কের কৃষকদের সহায়তা করার জন্য চালু করা হয়েছিল। এই কর্মসূচি এখন ফুড ব্যাংকগুলোকে নিউ ইয়র্কের ফার্মগুলো থেকে 50 মিলিয়ন পাউন্ডেরও বেশি পরিমাণ পণ্য ক্রয় করতে সাহায্য করেছে, যা খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া পরিবারগুলোর জন্য আনুমানিক 50 মিলিয়ন বেলার খাবারের ব্যবস্থা করেছে।

"অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী নিত্যদিনের খাবার যোগাড় করতে সংগ্রাম করে চলেছেন, এবং গত কয়েক বছরে পরিবারগুলোর এই সমস্যা কেবল আরো তীব্রতর হয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের স্টেট সংস্থা এবং স্টেটজুড়ে অংশীদার সংস্থাগুলো নারিশ নিউ ইয়র্কের মতো কর্মসূচিগুলোর মাধ্যমে খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াই করতে কঠোর পরিশ্রম করে যাচ্ছে, এবং সচেতনতা বৃদ্ধি করা এবং তাদের কঠোর পরিশ্রমের স্বীকৃতি দেওয়ার জন্য সবচেয়ে উপযুক্ত একটি সময় হলো হাঙ্গার অ্যাকশন মাস। নিউ ইয়র্কবাসীরা সবসময় প্রয়োজনের সময়ে সাহায্যের হাত বাড়িয়ে এসেছেন, এবং এই হাঙ্গার অ্যাকশন মাসে আমি

সবাইকে তাদের স্থানীয় ফুড ব্যাংকগুলোর কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য উৎসাহিত করছি।"

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে এই গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে নিউ ইয়র্কের সচেতনতা বৃদ্ধি করতে এবং আমাদের কমিউনিটিগুলোতে ক্ষুধার বিরুদ্ধে নিউ ইয়র্কের লড়াই চালিয়ে যাওয়ার অব্যাহত অঙ্গীকারাবদ্ধতা ব্যক্ত করতে, হাঙ্গার অ্যাকশন দিবসে স্টেটের বিখ্যাত স্থানগুলো কমলা আলোয় আলোকিত করা হবে, যা শুক্রবার, 23 সেপ্টেম্বর পালন করা হবে। এছাড়াও স্টেটজুড়ে ফুড ব্যাংকগুলো খাদ্য বিতরণ, ফুড ড্রাইভ, এবং অন্যান্য ধারাবাহিক ইভেন্ট আয়োজনের মাধ্যমে এই মাসের প্রতি সম্মান দেখাচ্ছে, যা সব নিউ ইয়র্কবাসীকে সম্পৃক্ত হওয়ার একটি সুযোগ করে দিচ্ছে।

## নারিশ নিউ ইয়র্ক

নারিশ নিউ ইয়র্ক উদ্যোগ নিউ ইয়র্কের জরুরি খাদ্য সরবরাহকারীদেরকে নিউ ইয়র্কের ফুড ব্যাংক এবং জরুরি খাদ্য সরবরাহকারীদের নেটওয়ার্কের মাধ্যমে নিউ ইয়র্কের অভাবী পরিবারগুলোর কাছে পৌঁছে দেওয়ার জন্য নিউ ইয়র্কের কৃষক ও দুগ্ধজাত পণ্য প্রস্তুতকারকদের কাছ থেকে অতিরিক্ত পণ্য ক্রয় করার সুযোগ করে দিচ্ছে। 2020 সালের মে মাসে মহামারীর তীব্রতার সময়ে চালু হওয়ার পর থেকে, স্থানীয় কৃষকদের কাছ থেকে 57 মিলিয়ন পাউন্ডেরও বেশি পরিমাণ খাদ্য ক্রয় করতে এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে 47.7 মিলিয়নেরও বেশি বেলার খাবার পৌঁছে দিতে নিউ ইয়র্কের ফুড ব্যাংক এবং জরুরি খাদ্য সরবরাহকারীদের নেটওয়ার্ককে সহায়তা করার জন্য নারিশ নিউ ইয়র্ক 96 মিলিয়ন ডলার প্রদান করেছে। এই অর্থায়নের একত্রিশ শতাংশ দুগ্ধজাত পণ্যের জন্য, 29 শতাংশ উৎপাদিত পণ্য, এবং 40 শতাংশ অন্যান্য পণ্য যেমন মাংস, ডিম, ও সামুদ্রিক খাবারের জন্য ব্যয় হয়েছে।

2021 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল S.4892-A/A.5781-A আইনটি স্বাক্ষর করে নারিশ নিউ ইয়র্ক কর্মসূচিকে স্থায়ীভাবে স্টেটের আইনের অন্তর্ভুক্ত করেন। পাঁচ রাউন্ডে তহবিল প্রদানের মধ্য দিয়ে এখন পর্যন্ত নারিশ নিউ ইয়র্ককে মোট 147 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে। এই কর্মসূচি স্টেটের জরুরি খাদ্য সরবরাহকারীদেরকে নিউ ইয়র্কের কৃষি পণ্যসমূহ, যেমন দুধ, দই, চিজ, কটেজ চিজ, এবং উৎপাদিত পণ্য, মাংস, সামুদ্রিক খাবার, ও ডিম ক্রয় করতে সাহায্য করার জন্য সরাসরি অনুদানের অর্থ প্রদান করে। এছাড়াও এটি বড় আকারের ড্রাইভ-থ্রু বিতরণ কেন্দ্র, ফুড বক্স এবং স্কুল মিল কর্মসূচি, ফুড প্যান্ট্রি, এবং স্যুপ কিচেনের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের কাছে এসব পণ্য পৌঁছে দেওয়ার জন্য অর্থায়ন করে।

সেইসাথে, এই কর্মসূচি স্টেটের কৃষক ও উৎপাদনকারীদেরকে সহায়তা করছে যারা মহামারীর কারণে তাদের পণ্যের বাজার হারিয়ে ফেলেছেন। ফুড ব্যাংকগুলোর ক্রয়ের মাধ্যমে এখন পর্যন্ত 4,320টি খাদ্য ও কৃষি ব্যবসা প্রতিষ্ঠান প্রভাবিত হয়েছে।

## স্টেটের বিখ্যাত স্থানগুলো কমলা আলোয় আলোকিত করা

শুক্রবার, 23 সেপ্টেম্বর তারিখে হাঙ্গার অ্যাকশন দিবস এবং হাঙ্গার অ্যাকশন মাসের স্বীকৃতিস্বরূপ স্টেটের বিখ্যাত স্থানগুলো কমলা আলোয় আলোকিত করা হবে। এই নিয়ে টানা চতুর্থ বছরের মতো নিউ ইয়র্ক স্টেট এটির বিখ্যাত স্থানগুলো কমলা আলোয় আলোকিত করছে, যেটি ছিল প্রথম ইস্যু করা ফুড স্ট্যাম্পের রঙ এবং ক্ষুধা মোকাবেলায় কাজ করা সংস্থাগুলোর দ্বারা ক্ষুধা সংক্রান্ত সচেতনতা উপস্থাপন করার জন্য ব্যবহৃত হয়।

হাঙ্গার অ্যাকশন মাসের স্বীকৃতিস্বরূপ স্টেটের যেসব বিখ্যাত স্থান কমলা আলোয় আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (H. Carl McCall SUNY Building), স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (The Lake Placid Olympic Center)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

নিউ ইয়র্ক স্টেট দীর্ঘদিন ধরে ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ের জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করতে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর কাছে নিউ ইয়র্কে উৎপাদিত খাবার ও পানীয় পৌঁছে দিতে সাম্প্রতিক বছরগুলোতে স্টেট কয়েকটি যুগান্তকারী কর্মসূচি চালু করেছে। সর্বসম্প্রতি, নিউ ইয়র্কের ফার্ম ও স্কুলগুলোকে আরো ভালোভাবে সংযুক্ত করার জন্য তার স্টেট অব দ্যা স্টেট ভাষণে ব্যক্ত করা অঙ্গীকারের অংশ হিসেবে, গভর্নর হোকল স্টেটজুড়ে এই কর্মসূচিতে অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য 30 শতাংশ NYS ইনিশিয়েটিভ বাস্তবায়নের কাজে নেতৃত্ব দেওয়ার জন্য কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets)-কে নির্দেশ দিয়েছেন। এই উদ্যোগ স্কুলে দুপুরের খাবার প্রদান করার কর্মসূচি বাস্তবায়নের জন্য কমপক্ষে 30 শতাংশ উপাদান নিউ ইয়র্কের খামারগুলো থেকে ক্রয় করে থাকে এমন ডিস্ট্রিক্টগুলোর জন্য দুপুরের খাবারের ব্যয় পরিশোধের জন্য স্কুলগুলোকে প্রদত্ত অর্থের পরিমাণ প্রত্যেক বেলার খাবারের জন্য 5.9 সেন্ট থেকে বৃদ্ধি করে 25 সেন্টে উন্নীত করেছে। আরেকটি সাম্প্রতিক মাইলফলক হচ্ছে স্টেটের খাদ্য দান এবং খাদ্য বর্জ্য রিসাইক্লিং আইন (Food Donation and Food Scraps Recycling Law) বাস্তবায়নের চলমান কাজের অংশ হিসেবে ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদেরকে এক মিলিয়ন পাউন্ড খাবার দান করা হয়েছে, যা জমি ভরাট করার ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনকারী নির্গমন ও বর্জ্য কমিয়ে আনার জন্য স্টেটের

প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে এবং একইসাথে অভাবী নিউ ইয়র্কবাসীদেরকে মানসম্মত খাবার প্রদান করছে।

কিভাবে ক্ষুধা মোকাবেলা করা যায় এবং নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের জন্য স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করা যায় সে সম্পর্কে স্টেটের নীতিনির্ধারকদেরকে বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ক্ষুধা ও খাদ্য বিষয়ক নীতিমালা সংক্রান্ত কাউন্সিল (Council on Hunger and Food Policy) গঠন করা হয়েছে। নারিশ নিউ ইয়র্ক কর্মসূচি প্রতিষ্ঠা করার সময় এই কাউন্সিল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যা সম্ভব হয়েছে ক্ষুধা মোকাবেলায় কাজ করা কর্মসূচিগুলো এবং যারা খাদ্য উৎপাদন ও সরবরাহ করেন তাদের মধ্যকার বন্ধন ও সহযোগিতার সম্পর্ক জোরদার করতে এটির মনোযোগী হওয়ার কারণে। এই কাউন্সিল এটির কাজ অব্যাহত রেখেছে এবং বুধবার, 28 সেপ্টেম্বর তারিখে জনসাধারণকে ক্ষুধা, পুষ্টি, ও স্বাস্থ্য সংক্রান্ত হোয়াইট হাউস সম্মেলন দেখার জন্য উৎসাহিত করছে।

## খাদ্য বিতরণের ইভেন্ট

সেইসাথে, নিউ ইয়র্ক স্টেটের 10টি আঞ্চলিক ফুড ব্যাংকের মধ্যে অনেকগুলো এই মাসে প্রত্যেকে নিজেদের মতো করে হাঙ্গার অ্যাকশন মাসকে স্বীকৃতি দিচ্ছে, যা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের নিজেদের কমিউনিটিগুলোতে মাঠ পর্যায়ে সম্পৃক্ত হওয়ার একটি চমৎকার সুযোগ প্রদান করছে। পরিকল্পিত ক্রিয়াকলাপের মধ্যে তাদের ক্ষুধা নিবারণের মিশনে সহায়তা করার জন্য ধারাবাহিকভাবে খাদ্য বিতরণ, ফুড ড্রাইভ, এবং অন্যান্য কমিউনিটি ইভেন্ট অন্তর্ভুক্ত রয়েছে। কয়েকটি উদাহরণের মধ্যে রয়েছে:

- **ফুড ব্যাংক অব দ্যা সাদার্ন টিয়ার (Food Bank of the Southern Tier)** "লিডার অব দ্যা প্যাক" ফান্ডরাইজার এবং ভার্চুয়াল ফুড ড্রাইভ আয়োজন করছে, যা ফুড ব্যাংক অব দ্যা সাদার্ন টিয়ারের জন্য তহবিল উত্তোলন করতে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে একসঙ্গে নিয়ে আসছে। অংশগ্রহণকারী কর্পোরেট অংশীদার টিমগুলো দ্রুততম সময়ের মধ্যে সর্বোচ্চ সংখ্যক ব্যাকপ্যাক প্যাক করার জন্য এবং একই সাথে তাদের কাস্টম ভার্চুয়াল স্টোরের মাধ্যমে সবচেয়ে বেশি অবদান সংগ্রহ করতে প্রতিযোগিতা করবে।
- **ফুডলিংক (Foodlink)** এই মাসের শুরুতে ফেডারেল ক্ষুধা-বিরোধী আইন, যেমন ইউনিভার্সাল স্কুল মিলস (Universal School Meals) এবং হেলদি মিলস (Healthy Meals), হেলদি কিডস অ্যাক্ট (Healthy Kids Act) ইত্যাদির প্রতি সমর্থন জানাতে, কংগ্রেসম্যান জোসেফ মোরেল-এর সঙ্গে একটি মিডিয়া ইভেন্টের সহ-আয়োজক হয়েছে। এছাড়াও ফুডলিংক-এর বার্ষিক শরতকালীন ফান্ডরাইজার, ফেস্টিভেল অব ফুড (Festival of Food) 2019 সালের পর থেকে প্রথমবারের মতো সিটির পাবলিক মার্কেটে ফিরে এসেছে।
- **আইল্যান্ড হারভেস্ট (Island Harvest)** একটি ইন্টারঅ্যাকটিভ হাঙ্গার অ্যাকশন মাসের ক্যালেন্ডার প্রকাশ করেছে যেখানে লোকজন কিভাবে সচেতনতা বৃদ্ধি করতে পারে এবং খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াইয়ে স্থানীয়ভাবে সম্পৃক্ত হতে পারে সে সংক্রান্ত ইভেন্ট ও আইডিয়াগুলো উল্লেখ করা হয়েছে, যার মধ্যে একমাস ব্যাপী "বিল্ড এ বক্স (Build a Box)" ফুড ড্রাইভ ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত রয়েছে।

- **লং আইল্যান্ড কেয়ার্স, ইনক. (Long Island Cares, Inc.) - হ্যারি চ্যাপিন রিজিওনাল ফুড ব্যাংক (Harry Chapin Regional Food Bank)** হাঙ্গার অ্যাকশন দিবস পালনের জন্য হাউপাজ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসোসিয়েশন অব লং আইল্যান্ডের (Hauppauge Industrial Association of Long Island) সঙ্গে অংশীদার হচ্ছে। HIALI-এর সদস্য কয়েকটি কর্পোরেশন লং আইল্যান্ড কেয়ার্সকে সহায়তা করার জন্য কর্মচারী প্রতি 10.00 ডলার করে দান করেছে এবং হাঙ্গার অ্যাকশন দিবসে একটি গ্রুপ ছবি তোলার জন্য একত্রিত হবে।

এছাড়াও ফুড ব্যাংকগুলো নিউ ইয়র্কবাসীদেরকে হাঙ্গার অ্যাকশন দিবসে কমলা রঙের পোশাক পরার জন্য এবং এই বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করার জন্য উৎসাহিত করছে। খাবার খুঁজে পেতে অথবা নিজেদের স্থানীয় ফুড ব্যাংকের সঙ্গে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে আগ্রহী ব্যক্তিরা আরো তথ্য জানতে ফিডিং নিউ ইয়র্ক স্টেট (Feeding New York State)-এর ওয়েবসাইট ভিজিট করতে পারেন।

**কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets)-এর কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "হাঙ্গার অ্যাকশন মাস হচ্ছে আমাদের কমিউনিটিগুলোর সম্মুখীন হওয়া খাদ্য অনিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য এবং স্টেটজুড়ে লোকজনকে এই প্রচেষ্টায় সম্পৃক্ত হতে উৎসাহিত করার জন্য আমাদের বার্ষিক সুযোগ। এখানে এই বিভাগে, আমরা ক্ষুধার বিরুদ্ধে লড়াই করার জন্য এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য নিত্যদিনের খাবারের ব্যবস্থা করতে প্রতিদিন কঠোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আমি গর্বিত যে আমাদের নারিশ নিউ ইয়র্ক কর্মসূচি এখন আমাদের ফুড ব্যাংকগুলোর নেটওয়ার্কের মাধ্যমে অভাবী মানুষদের কাছে প্রায় 50 মিলিয়ন বেলার খাবার পৌঁছে দিয়েছে, এবং একইসাথে স্বাস্থ্যকর, তাজা কৃষি পণ্যগুলো ক্রয় করার মাধ্যমে আমাদের কৃষকদের সহায়তা করছে। এটি সত্যিকার অর্থেই উচ্ছসিত হওয়ার মতো একটি ব্যাপার।"

**অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন,** "আমাদের স্টেটের অনেক বেশি সংখ্যক পরিবার অব্যাহতভাবে খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হচ্ছে - যা এমন এক দুঃখজনক বাস্তবতা যেটিকে আমরা সাধারণ রূপ লাভ করতে দিতে পারি না। হাঙ্গার অ্যাকশন মাস আমাদের সবাইকে মনে করিয়ে দিচ্ছে যে আরো কাজ করার বাকি আছে। নারিশ নিউ ইয়র্ক-এর মতো কর্মসূচির জন্য গভর্নর হোকলের অবিচল সমর্থন সব নিউ ইয়র্কবাসীর নিজেদের এবং তাদের প্রিয়জনদের জন্য স্বাস্থ্যকর, পুষ্টিকর খাবার যোগান দেওয়ার সক্ষমতা থাকার বিষয়টি নিশ্চিত করার ব্যাপারে তার সত্যিকার অঙ্গীকারাবদ্ধতার প্রমাণ দেখাচ্ছে।"

**স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন,** "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী, স্বাস্থ্যকর খাবারের অ্যাক্সেস পাওয়ার এবং তাদের পরবর্তী আহার কোথা থেকে আসছে তা জানা থাকার নিরাপত্তা পাওয়ার অধিকার রয়েছে। কৃষি বিষয়ক সিনেট কমিটির সভাপতি হিসেবে, নিউ ইয়র্কের কৃষকদের উৎপাদিত পুষ্টিকর খাবার এবং খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া স্থানীয় পরিবারগুলোর মধ্যে সংযোগ স্থাপন করা সবসময় আমার অগ্রাধিকার ছিল, আর এভাবেই আমাদের নারিশ নিউ ইয়র্ক বিল—খাদ্যের অ্যাক্সেসের জন্য একটি লাইফলাইন—গঠিত হয়েছে।

আমরা ক্ষুধার সংকট নিরসনের জন্য সমাধানগুলো বাস্তবায়নের ক্ষেত্রে নেতৃত্ব দেওয়া অব্যাহত রাখবো, এবং আমি সবার জন্য আরো বেশি সমতাপূর্ণ একটি খাদ্য ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে তার অংশীদারিত্বের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন,** "হাঙ্গার অ্যাকশন মাস চলাকালীন সময়ে আমাদের সফল নারিশ নিউ ইয়র্ক কর্মসূচিকে তুলে ধরার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই কর্মসূচি ফুড ব্যাংক এবং জরুরি খাদ্য সরবরাহকারীদেরকে NY-এর উৎপাদনকারীদের কাছ থেকে কয়েক মিলিয়ন ডলার মূল্যমানের অতিরিক্ত খাবার ক্রয় করার সুযোগ করে দিয়েছে। নিউ ইয়র্কের কৃষি খাত স্টেটজুড়ে খাদ্য অনিরাপত্তা মোকাবেলায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে নিউ ইয়র্কের কৃষিখাত গর্ব বোধ করছে।"

**ক্ষুধামুক্ত আমেরিকা (Hunger Free America)-এর CEO জোয়েল বার্গ বলেন,** "স্টেটের প্রতিটি গ্রামীণ, মফস্বল, ও গ্রাম্য কোণে ছড়িয়ে ছিটিয়ে থাকা নিউ ইয়র্ক স্টেটের দুই মিলিয়ন অধিবাসী, যাদের মধ্যে কর্মজীবী মানুষ, প্রবীণ, শিশু, ভেটেরান, এবং প্রতিবন্ধী ব্যক্তি রয়েছে - এখন খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া বাড়িতে বাস করছে, যা সবসময় পর্যাপ্ত খাবারের সংস্থান করতে পারছে না। এই হাঙ্গার অ্যাকশন মাসে, চলুন আমরা ক্ষুধার অবসান ঘটানোর জন্য প্রয়োজনীয় নীতিমালা তৈরি ও বাস্তবায়নের জন্য আমাদের সম্মিলিত প্রচেষ্টাকে পুনরায় নিয়োজিত করি এবং দারিদ্র্য কমিয়ে আনা, অর্থনৈতিক সুযোগ-সুবিধা বৃদ্ধি করা, এবং পর্যাপ্ত সংখ্যক সরকারি সুরক্ষা বেষ্টনি কর্মসূচি নিশ্চিত করার মাধ্যমে প্রত্যেকে যাতে পুষ্টিকর খাবার গ্রহণের মতো সামর্থ্য অর্জন করে তা নিশ্চিত করি।"

**নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো (New York Farm Bureau)-এর প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন**, "নারিশ NY একটি মূল্যবান কর্মসূচি যা স্টেটজুড়ে কৃষকদের সঙ্গে আঞ্চলিক ফুড ব্যাংকগুলোর এবং ইমার্জেন্সি প্যান্ট্রিগুলোর সংযোগ স্থাপন করছে। এটি যে বাজারের সুযোগ প্রদান করছে তা উৎপাদনকারী এবং অভাবী নিউ ইয়র্কবাসী উভয়ের জন্য একটি লাইফলাইন হিসেবে কাজ করছে, বিশেষ করে সাপ্লাই চেইনে বিঘ্ন তৈরি হওয়ার এই সময়ে। হাঙ্গার অ্যাকশন মাস আমাদের স্টেটের চাহিদা পূরণের জন্য নিউ ইয়র্কে একটি শক্তিশালী কৃষি ব্যবস্থা বজায় রাখার গুরুত্বের ব্যাপারে এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস পায় তা নিশ্চিত করতে আমাদের কৃষকদের অঙ্গীকারাবদ্ধতার ব্যাপারে একটি অসাধারণ রিমাইন্ডার। আমরা নারিশ NY-এর প্রতি এবং এটি যা সরবরাহ করছে সেটির প্রতি গভর্নর হোকলের অব্যাহত সহায়তাকে সাধুবাদ জানাই।"

**ফিডিং নিউ ইয়র্ক স্টেট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ড্যান এগান বলেন**, "নিউ ইয়র্ক স্টেট সরকার নারিশ নিউ ইয়র্ক, ক্ষুধা প্রতিরোধ এবং পুষ্টি সহায়তা (Hunger Prevention and Nutrition Assistance) কর্মসূচি এবং খাদ্য বর্জ্য পুনরুদ্ধার প্রকল্পগুলোর মাধ্যমে ফুড ব্যাংকগুলোকে এবং অন্যান্য ক্ষুধা-বিরোধী সংস্থাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করছে। আমাদেরকে অবশ্যই এই মিথ্যা বিশ্বাসের বিরুদ্ধে সতর্ক থাকতে হবে যে এই সংকট শেষ হয়ে গেছে: যদিও আমরা এখন আর কোভিড লকডাউনের মধ্যে নেই, দাতব্য খাবারের প্রয়োজন এখনো অনেক উচ্চ পর্যায়ে বিদ্যমান রয়েছে। মূদ্রাস্ফীতি আমাদের প্রতিবেশী এবং আমাদের নিজেদের কাজকে প্রভাবিত করেছে। আমাদের সৌভাগ্য যে আমরা স্টেট সরকারে চমৎকার সব

অংশীদারদের পেয়েছি। গভর্নর হোকলের নেতৃত্ব আমাদেরকে আমাদের ক্ষুধার্ত প্রতিবেশীদেরকে সাহায্য করার জন্য নিউ ইয়র্কে উৎপাদিত উচ্চ মানসম্মত কয়েক মিলিয়ন পাউন্ড খাবার প্রদান করার সক্ষমতা প্রদান করছে। আমরা একটি কার্যকর ও উৎপাদনমুখী কর্মসূচির মাধ্যমে কৃষক, ফুড ব্যাংক এবং ক্ষুধার্তদের মধ্যে সংযোগ স্থাপন করছি। আমরা সেই দিনের জন্য অধীর আগ্রহ নিয়ে প্রতীক্ষা করছি যখন আমাদের সব প্রতিবেশীর কাছে নিরাপদ খাবারের সরবরাহ থাকবে এবং আমাদের এই কাজ আর অব্যাহত রাখার প্রয়োজন হবে না। সেই দিনটি আসার আগ পর্যন্ত, ফুড ব্যাংকগুলোর জন্য সহায়তা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে।"

**লং আইল্যান্ড কেয়ার্স, ইনক.-এর চিফ গভার্নমেন্ট অফিসার মাইকেল হাইনেস বলেন,** "এই হাঙ্গার অ্যাকশন মাসে, ফুড ব্যাংকগুলোর জন্য এবং আমাদের সেবা প্রদান করা বৈচিত্র্যপূর্ণ খাদ্য অনিরাপদ জনগোষ্ঠীর জন্য বর্ধিত সহায়তা প্রদানের জন্য ফিডিং আমেরিকা এবং ফিডিং নিউ ইয়র্ক স্টেট-এর সঙ্গে পাশাপাশি কাজ করতে পেরে লং আইল্যান্ড কেয়ার্স, ইনক. .— হ্যারি চ্যাপিন ফুড ব্যাংক গর্বিত। আগামী সপ্তাহে আমরা কর্মী, স্বেচ্ছাসেবক, সংস্থাসমূহ এবং জীবন যাপনের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের জন্য ক্ষুধা, পুষ্টি, ও স্বাস্থ্য সংক্রান্ত হোয়াইট হাউস সম্মেলনে ভার্চুয়ালভাবে অংশ নেওয়ার জন্য একটি স্থানীয় ওয়াচ পার্টি আয়োজন করছি। এই সম্মেলন কিভাবে দেশের হাঙ্গার অ্যাডভোকেটদের একত্রিত করবে তা দেখার জন্য আমরা উচ্ছসিত হয়ে আছি এবং 2030 সালের মধ্যে একটি ক্ষুধা-মুক্ত আমেরিকা নিশ্চিত করতে কাজ করার প্রত্যাশা রাখি।"

**ফুডলিংক-এর প্রেসিডেন্ট ও CEO জুলিয়া টেডেস্কো বলেন,** "নারিশ NY তহবিল ফুডলিংকের জন্য এবং আমাদের কমিউনিটি অংশীদারদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সহায়তার উৎস হিসেবে কাজ করে আসছে যাতে আমরা স্থানীয় উৎপাদনকারীদেরকে সহায়তা করতে পারি এবং একইসাথে কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য নিত্যদিনের স্বাস্থ্যকর খাবার সরবরাহ করতে পারি। এই প্রয়োজন উপলব্ধি করার জন্য এবং এই মহামারী চলাকালীন সময়ের সাড়াদান কর্মসূচিকে স্টেটের বাজেটের মধ্যে একটি স্থায়ী আইনে পরিণত করার জন্য আমরা স্টেটের কর্মকর্তাদেরকে সাধুবাদ জানাই।"

**লং আইল্যান্ড-ভিত্তিক আইল্যান্ড হারভেস্ট ফুড ব্যাংক-এর প্রেসিডেন্ট ও CEO শুবিন ড্রেসনার বলেন,** "খাদ্য, জ্বালানি, এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির ফলে বহু আমেরিকান অর্থনৈতিক চাপ অনুভব করছেন, যা তাদেরকে কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য করছে, যেমন খাবার ক্রয় করা অথবা তাদের গাড়িতে জ্বালানি ভরা, অথবা ইউটিলিটি বিল পরিশোধ করা এগুলোর মধ্যে একটিকে বেছে নিতে বাধ্য হওয়া। হাঙ্গার অ্যাকশন মাস হচ্ছে নিউ ইয়র্কবাসীদের জন্য দান করা, স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করা, অথবা সমর্থন প্রদান করার মাধ্যমে ক্ষুধার অবসান ঘটাতে সাহায্য করতে সক্রিয় হওয়ার সময়। আমরা গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য এবং কোনো নিউ ইয়র্কবাসী যাতে খাবারের মতো মৌলিক মানবাধিকার পাওয়া থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করতে সাহায্যকারী নারিশ নিউ ইয়র্ক-এর মতো কর্মসূচিগুলোর প্রতি তার সহায়তার জন্য সাধুবাদ জানাই।"

###